

11/06/07

**ছাত্রছাত্রী ভর্তি স্থগিত
বেসরকারী ১৫ মেডিকেল ও
ডেন্টাল কলেজের ভাগ্য
নির্ধারণ হবে আজ**

বিশ্ববিদ্যালয় রিপোর্টার : নানা অনিয়মের অভিযোগে স্থগিত হওয়া দেশের ১৫টি বেসরকারী মেডিকেল ও ডেন্টাল কলেজের ভাগ্য নির্ধারিত হবে আজ (সোমবার)। সরকার বিভিন্ন অভিযোগের প্রেক্ষিতে গত কয়েক মাস আগে এসব বেসরকারী মেডিকেল কলেজে নতুন কার ছাত্রছাত্রী

পৃ ৪৮৪ ক ৪৪

বেসরকারী ১৫ মেডিকেল

১২-এর পৃষ্ঠার পর

ভর্তি স্থগিত করে দেয়। আর এডভাইজরি কমিটির বৈঠকে এ বিষয়ে চূড়ান্ত সিদ্ধান্ত হবে বলে সর্গস্ত্রী সূত্রে জানা গেছে। বেসরকারী মেডিকেল কলেজ নীতিমালা অনুসারে প্রতি একজন ছাত্রের জন্য পাঁচটি শয্যা, প্রয়োজনীয়সংখ্যক নিয়োগপ্রাপ্ত শিক্ষক, পৃথক কলেজ ও প্রশাসনিক ভবন, শিক্ষা উপকরণ, লাইব্রেরি, প্রত্যেক মেডিকেল কলেজে পৃথক এনাটমি, ফিজিওলজি, বায়োকেমিস্ট্রি, ফরেনসিক মেডিসিন, প্যাথলজি, মাইক্রোবায়োলজি, কমিউনিটি মেডিসিন, মেডিসিন, শিশু, মনোরোগ, চর্ম ও যৌন, এনেসথেসিয়া, বার্ড ট্রান্সফিউশন, রেডিওলজি, ডেন্টাল সার্জারি, গাইনি ইত্যাদি স্বয়ংসম্পূর্ণ বিভাগ থাকার বিধান রয়েছে। যাহা অধিদফতর থেকে বিভিন্ন সময় এসব মেডিকেল কলেজ পরিদর্শনে গেলে কর্মকর্তারা দেখতে পান, ভাড়া করা বাড়ীতে ছাত্রছাত্রীদের পড়াশোনা করানো হচ্ছে। প্রয়োজনীয় শিক্ষা উপকরণ ও শিক্ষকের অভাবে পড়াশোনার মান খুবই নিম্ন। কলেজ সংস্থা প্রত্যেকায় বড় বড় দুসুপাতাল খোলা হলেও সেখানে নামমাত্র রোগী ভর্তি থাকে। এসব কারণে ৬ মাস আগে ১৫টি মেডিকেল ও ডেন্টাল কলেজে নতুন করে ছাত্রছাত্রী ভর্তি অনির্দিষ্টকালের জন্য স্থগিত করা হয়।

যেসব মেডিকেল ও ডেন্টাল কলেজে বর্তমানে ছাত্রছাত্রী ভর্তি স্থগিত রয়েছে সেগুলো হল : বেডএইচ শিকদার ওমেস মেডিকেল কলেজ, মওলানা ভাসানী মেডিকেল কলেজ উত্তরা, ইন্টারন্যাশনাল মেডিকেল কলেজ, ঘুসুগিয়া, টঙ্গী, নর্থ বেঙ্গল মেডিকেল কলেজ, সিরাজগঞ্জ, ইস্টওয়েস্ট মেডিকেল কলেজ, উত্তরা, ভায়েরনব্রুছ মেমোরিয়াল মেডিকেল কলেজ, টঙ্গী, গাজীপুর, সাহাবুদ্দিন মেডিকেল কলেজ, গুলশান, ইবনে সিনা মেডিকেল কলেজ, ঢাকা, সেন্ট্রাল মেডিকেল কলেজ, কুমিল্লা, ইস্টার্ন মেডিকেল কলেজ, কুমিল্লা, বাজা ইউনুস আলী মেডিকেল কলেজ, এনায়েতপুর, সিরাজগঞ্জ, নাইটিংগেল মেডিকেল কলেজ, আতলিয়া, সাউদার্ন মেডিকেল কলেজ, মেহদীবাগ রোড, চট্টগ্রাম ও নর্দার্ন ইন্টারন্যাশনাল মেডিকেল কলেজ, ধানমন্ডি ঢাকা ও চট্টগ্রাম ইন্টারন্যাশনাল ডেন্টাল কলেজ, চট্টগ্রাম। জানা গেছে, নিষেধাজ্ঞা আরোপের পর বেশ কিছু মেডিকেল কলেজ নীতিমালা মেনে কলেজ ও হাসপাতাল পরিচালিত হচ্ছে দাবী করে স্থগিতাদেশ প্রত্যাহারের জন্য বাহ্য অধিদফতর আবেদন করেছে। এদিকে আন্ত এডভাইজরি কমিটির বৈঠকে এসব মেডিকেল ও ডেন্টাল কলেজের ভাগ্য নির্ধারিত হবে।